প্রধানমন্ত্রী তারেক রহমানের সিলেট সফর শনিবার



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: বাসস

প্রধানমন্ত্রী তারেক রহমান শনিবার দিনব্যাপী সিলেট সফরে যাচ্ছেন। প্রধানমন্ত্রীর প্রেস উইং শুক্রবার এ সফরসূচি নিশ্চিত করেছে। সফরে তিনি ধর্মীয়, উন্নয়ন ও সাংগঠনিক একাধিক কর্মসূচিতে অংশ নেবেন।

দিনের সূচি অনুযায়ী, সকাল ১০টায় তিনি সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছাবেন। সেখান থেকে সরাসরি হজরত শাহজালাল (র.) এর মাজার জিয়ারতের মাধ্যমে কর্মসূচি শুরু করবেন তিনি।

এরপর সিলেট সার্কিট হাউস সংলগ্ন চাঁদনী ঘাট এলাকায় সিটি করপোরেশনের জলাবদ্ধতা নিরসন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং সুধী সমাবেশে অংশ নেবেন। দুপুরে কাশিপুর ইউনিয়নের বাইশা নদী পুনঃখনন প্রকল্পের উদ্বোধন করার কথা রয়েছে তার।

বিকেলে সিলেট জেলা স্টেডিয়ামে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত নতুন কুঁড়ি স্পোর্টস–২০২৬ উদ্বোধন করবেন তিনি। পরে শিল্পকলা একাডেমিতে একটি সভায় যোগ দিয়ে সন্ধ্যায় ঢাকার উদ্দেশে রওনা দেবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

প্রায় দুই দশক পর ২১ জানুয়ারি নির্বাচনী প্রচারণার সময় সর্বশেষ সিলেট সফর করেছিলেন তিনি। সরকার প্রধান হিসেবে এটি তার প্রথম সিলেট সফর হিসেবে বিবেচিত হচ্ছে।